

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

Tel: 9144252-3, Fax: 9180968, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

পত্র নং-২১.০০.০০০০.৩৬৪.২২.০০৪.২০-৭৩

তারিখঃ ২১/০৬/২০২০ খ্রিঃ

বিষয়ঃ ডিটিও কর্তৃক সম্প্রতি জারিকৃত বেসিসের সদস্যপদ বাধ্যতামূলক করা প্রসঙ্গে।

সূত্রঃ-জাতীয় রাজস্ব বোর্ড এর পত্র নং-০৮.০১.০০০০.০৭৩.০৩.০১৩.১৯ (অংশ-৩)/২৮৬; তারিখঃ ০৯/১২/২০১৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বিবেচ্য পত্রে সংযুক্ত পরিপত্রটি (স্মারক নং-২৫১; তারিখঃ ০২/০৯/২০১৯) পর্যালোচনায় দেখা যায় এটি বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক বাণিজ্য সংগঠন অধ্যাদেশ ১৯৬১ এর ১৩ ধারার বিধানমতে জারী করা হয়েছে যেখানে সফটওয়্যার খাতের ব্যবসা প্রতিষ্ঠানকে আবশ্যিকভাবে বাংলাদেশ এসোসিয়েশন অব সফটওয়্যার এন্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস) এর সদস্যপত্র গ্রহণ বাধ্যতামূলক করা হয়েছে।

০২। উল্লেখ্য, সরকারি ক্রয়ে অংশগ্রহণের ক্ষেত্রে ব্যক্তির যোগ্যতা বিষয়ে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (পিপিআর, ২০০৮) এর বিধি-৪৮ ও ৪৯ এ বিশদ বর্ণনা রয়েছে। সরকারি ক্রয়ে অংশগ্রহণে ইচ্ছুক দরপত্রদাতা বা পরামর্শক প্রতিষ্ঠানকে কোন সুনির্দিষ্ট প্রতিষ্ঠানের সদস্য পদ থাকতে হবে এ ধরনের কোন আবশ্যিকীয় শর্ত সরকারি ক্রয় আইন ও বিধিতে (পিপিএ, ২০০৬ ও পিপিআর, ২০০৮) নেই।

০৩। ক্রয় আইন ও বিধি'র (পিপিএ, ২০০৬ ও পিপিআর, ২০০৮) সংস্থানের আলোকে এ মতামত প্রদান করা হ'ল।

চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুন বাগিচা, ঢাকা।

[দৃঃ আঃ-সদস্য (মুসক বাস্তবায়ন ও আইটি)]


২১/০৬/২০২০
(মোসাঃ মৌসুমী হাবিব)
উপ-পরিচালক
ফোনঃ ৯১৪৪২৫২-৩/২০৩

অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে): জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়ঃ

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।
৩. অফিস কপি।